গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাপাসিয়া, গাজীপুর
www.kapasia.gazipur.gov.bd

নম্বর : ০৫.৪১.৩৩৩৬.০০৭.০২.০০১.২৩-৪৯৯ তারিখ : ১৮ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ / ০৩ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০১৫ যা ১৩ জুলাই ২০১৭ তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত সংশোধিত বাংলাদেশ গেজেটে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এর ৭(২) ধারা অনুযায়ী গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের পার্শ্বে বর্ণিত ওয়ার্ডসমূহে শূন্যপদের বিপরীতে 'মহল্লাদার' পদে যোগ্যতাসম্পন্ন পুরুষ/মহিলা সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ করা হবে।

সংশ্লিষ্ট ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের আগ্রহী প্রার্থীগণ আগামী ২৫/১০/২০২৩খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে দরখাস্ত দাখিল করতে পারবেন।

| পদের নাম | ইউনিয়নের নাম | ওয়ার্ড নং | পদ সংখ্যা | শিক্ষাগত ও শারীরিক যোগ্যতা | বেতন-ভাতাদি |
|---|---|---|---|---|---|
| মহল্লাদার | রায়েদ | ৩,৪,৮ | ৩ | ১) অষ্টম শ্রেণী বা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট( জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>২) বয়সসীমা ১৮ হতে ৩০ বছর।<br>**পুরুষ প্রার্থীর ক্ষেত্রে :**<br>১) সর্বনিম্ন উচ্চতা ৫ফুট ২ ইঞ্চি<br>২) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ)<br>৩) সর্বনিম্ন ওজন ৫০ কেজি।<br>**মহিলা প্রার্থীর ক্ষেত্রে :**<br>১) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট।<br>২) সর্বনিম্ন বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)।<br>৩) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি। | স্থানীয়, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ইউপি-২ অধিশাখার ২২.০৬.২০১৫ খ্রি. তারিখের ৪৬.০১৮.০৩২.০০.০০.০৪০.২০১৫-৫৯৫ নং স্মারক অনুযায়ী।<br>সরকারি অংশ = ৩,২৫০/-<br>ইউপি অংশ = ৩,২৫০/-<br>সর্বমোট = ৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকা। |
| | টোক | ১ | ১ | | |
| | সনমানিয়া | ১ | ১ | | |
| | কড়িহাতা | ২,৩,৪,৬,৮ | ৫ | | |
| | তরগাঁও | ১,৭,৪ | ৩ | | |
| | কাপাসিয়া | ১,৩,৯ | ৩ | | |
| | চাঁদপুর | ১,৩,৫,৬,৭ | ৫ | | |
| | দূর্গাপুর | ২,৪,৫ | ৩ | | |
| | | মোট | ২৪ | | |

## শর্তাবলী

১। আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি গ্রাম পুলিশ নিয়োগ ও পদোন্নতি কমিটি, কাপাসিয়া, গাজীপুর বরাবরে আগামী ২৫/১০/২০২৩ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি অথবা ডাকযোগে দাখিল করতে হবে খামের উপর পদের নাম, ওয়ার্ড ও ইউনিয়নের নাম, স্পষ্ট অক্ষরে লিখতে হবে। অসম্পূর্ণ ত্রুটিপূর্ণ ভুল তথ্য সম্বলিত এবং বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

২। প্রার্থীকে বাংলাদেশের নাগরিক ও সংশ্লিষ্ট ওয়ার্ড তথা ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।

৩। আবেদনপত্রে নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, ধর্ম, বয়স (২৫/১০/২০২৩খ্রি. তারিখে), ভোটার আইডি নম্বর, শারীরিক যোগ্যতার পরিমাপ (ওজন, উচ্চতা, বুকের মাপ স্বাভাবিক ও সম্প্রসারণ উল্লেখপূর্বক) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা উল্লেখ করতে হবে।

৪। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি দাখিল করতে হবে।
   ক) শিক্ষাগত যোগ্যতার সনদের /প্রশংসাপত্রের/প্রত্যায়নের সত্যায়িত কপি।
   খ) সংশ্লিষ্ট ওয়ার্ড/ইউনিয়নের নাগরিকত্ব উল্লেখপূর্বক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদের মূল কপি।
   গ) সত্যায়িত ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।

CamScanner

ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদের সত্যায়িত কপি।
ঙ) যেকোন তফসিলভূক্ত ব্যাংক হতে "উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর" বরাবর ৫০/-(পঞ্চাশ) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
চ) প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত ১০ টাকার ডাকটিকেটযুক্ত একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

৫। আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন তথ্য গোপন করে অথবা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে কিংবা কোন তথ্য মিথ্যা প্রমানিত হলে নিয়োগাদেশ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। মৃত বা অবসরপ্রাপ্ত দফাদার/মহল্লাদারদের পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে। এক্ষত্রে আবেদনকারীকে যথোপযুক্ত প্রমাণপত্র দাখিল করতে হবে।

৭। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনির ক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের সাথে তার পিতা/মাতা/ পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি যা গেজেটেড কর্মকর্তা কর্তৃক (নাম পদবীর সীল স্বাক্ষরসহ) সত্যায়িত করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৮। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতি অনুসরণ করা হবে। কোটার ক্ষেত্রে প্রার্থীকে তার সংশ্লিষ্ট কোটা খামের উপর লিখতে হবে। (শারীরিক প্রতিবন্ধী/এতিম/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে।

৯। প্রার্থীর বয়স : আগামী ২৫/১০/২০২৩ খ্রি. তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনির ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

১০। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যবিষয়ক সার্টিফিকেট নিয়োগের অন্যতম প্রধান শর্ত।

১১। প্রার্থীকে নির্বাচনী পরিক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারের জারীকৃত সর্বশেষ বিধি-বিধান প্রযোজ্য হবে।

০৩/১০/২০২৩

এ. কে. এম গোলাম মোর্শেদ খান
উপজেলা নির্বাহী অফিসার
কাপাসিয়া, গাজীপুর
মোবাইল : ০১৩১৭-০৪১৩০০
ইমেইল : unokapasia@gmail.com

নম্বর : ০৫.৪১.৩৩৩৬.০০৭.০২.০০১.২৩-৪৯৯(৩৫)

তারিখ : ১৮ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ / ০৩ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. জেলা প্রশাসক, গাজীপুর
২. উপ-পরিচালক, স্থানীয় সরকার, গাজীপুর
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর
৪. উপজেলা প্রকৌশলী, কাপাসিয়া, গাজীপুর
৫. অফিসার ইনচার্জ, কাপাসিয়া থানা, গাজীপুর
৬. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর
৭. উপজেলা ........................................................ কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর

CamScanner

৮. সহকারী প্রোগ্রামার, কাপাসিয়া, গাজীপুর (তাঁকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৯. চেয়ারম্যান ................................ ইউ.পি (সকল), কাপাসিয়া, গাজীপুর (তাঁকে বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান, ইউনিয়ন তথ্য বাতায়ন ও হাঁট-বাজারে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো)।

১০. সচিব................................ ইউ.পি (সকল), কাপাসিয়া, গাজীপুর (তাঁকে বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান, ইউনিয়ন তথ্য বাতায়ন ও হাঁট-বাজারে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

১১. নোটিশ বোর্ড/অফিস কপি।

০৩/১০/২৩

উপজেলা নির্বাহী অফিসার
কাপাসিয়া, গাজীপুর

CamScanner